গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ২৯.০০.০০০০.২২৩.০২.০০১.২০২২-২১৩ তারিখঃ ২৪/১০/২০২২খ্রি: ।

প্রাপকঃ চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

বিষয়ঃ বিশেষ প্রকল্প কর্মসুচি হতে খাদ্যশস্য বরাদ্দ।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খাগড়াছড়ি পার্বত্য জেলার বিভিন্ন উপজেলাধীন নিম্নোক্ত ২ টি উপজেলা পরিষদ ও ১টি ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রস্তাবিত স্কীম/প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানদ্বয়ের নামের পার্শ্বে উল্লিখিত পরিমাণ খাদ্যশস্য প্রদানের নিমিত্ত চেয়ারম্যান খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এর অনুকূলে ২০০.০০ মে.টন চাউল এবং ৫০.০০ মে.টন গমসহ মোট ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) মে.টন খাদ্যশস্য নিম্নে বর্ণিত শর্তে মঞ্জুরি আদেশ প্রদান করা হলো।

(ক) চেয়ারম্যান, ৩নং গোলাবাড়ী ইউনিয়ন পরিষদ, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলার অনুমোদিত প্রকল্পের নাম:

| ক্র.নং | প্রকল্পের নাম | চাউল | গম | মোট |
|---|---|---|---|---|
| ১ | খাগড়াছড়ি সদরস্থ ছোট খাগড়াছড়ি হতে নতুন পাড়া পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪০ | ১০ | ৫০ |
| ২ | ৩নং গোলাবাড়ী ইউনিয়নে অসহায় দুঃস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ। | | | |
| ৩ | গোলাবাড়ী ইউনিয়নের গরীব কৃষকদের মাঝে স্প্রে-মেশিন বিতরণ। | | | |
| ৪ | হেমন পাড়া হতে পূর্ব পাড়া পর্যন্ত রাস্তা সংস্কার। | | | |
| ৫ | পার্বছড়া হতে তন্যামাছড়া পর্যন্ত রাস্তা উন্নয়ন। | | | |

(খ) চেয়ারম্যান, খাগড়াছড়ি সদর উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলার অনুমোদিত প্রকল্পের নাম:

| ক্র.নং | প্রকল্পের নাম | চাউল | গম | মোট |
|---|---|---|---|---|
| ১ | জনসেবা বৌদ্ধ বিহার হতে হিরণ ত্রিপুরার বাড়ি পর্যন্ত রাস্তা সংস্কার। | ৮০ | ২০ | ১০০ |
| ২ | সওজ রাস্তা হতে কংচাই পাড়া পর্যন্ত রাস্তা সংস্কার। | | | |
| ৩ | অনিমেষ বাগান হতে চরপাড়া পর্যন্ত রাস্তা নির্মাণ। | | | |
| ৪ | ০৩ নং প্রকল্প হতে অনুরোর্ধ্ব কার্বারী পাড়াপর্যন্ত রাস্তা সংস্কার। | | | |
| ৫ | সওজ রাস্তা হতে রমেশ পাড়া পর্যন্ত রাস্তা সংস্কার। | | | |
| ৬ | সওজ রাস্তা হতে নুনছড়ি ৩০ পরিবার পর্যন্ত রাস্তা সংস্কার। | | | |
| ৭ | গামারী ঢালা বটতলা হতে ম্যাজিস্ট্রেট পাড়া পর্যন্ত রাস্তা সংস্কার। | | | |
| ৮ | খাগড়াছড়ি সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে দুঃস্থ মহিলাদের সেলাই মেশিন বিতরণ। | | | |
| ৯ | খাগড়াছড়ি সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে দুঃস্থ জনগনের মাঝে ছাগল বিতরণ। | | | |
| ১০ | খাগড়াছড়ি সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে কৃষি উপকরণ বিতরণ। | | | |

(গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ কার্যালয়, গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলার অনুমোদিত প্রকল্পের নাম:

| ক্র.নং | প্রকল্পের নাম | চাউল | গম | মোট |
|---|---|---|---|---|
| ১ | ১নং গুইমারা ইউনিয়নের ১নং ওয়ার্ডে পূর্ণবাসন পাড়া হতে গাইভিংসা পাড়া পর্যন্ত যাওয়ার রাস্তা নির্মাণ। | ৮০ | ২০ | ১০০ |
| ২ | ১নং গুইমারা ইউনিয়নের ৪নং ওয়ার্ডের ভক্ত কার্বারী পাড়া বৌদ্ধ বিহার সংলগ্ন হতে কান্তি চাকমা এর বাড়ি পর্যন্ত যাওয়ার রাস্তা নির্মাণ। | | | |
| ৩ | ১নং গুইমারা ইউনিয়নের ৭নং ওয়ার্ডের প্রশান্ত কুমার চাকমা বাড়ীর সংলগ্ন হতে নাইক্যা পাড়া বটগাছ পর্যন্ত যাওয়ার রাস্তা নির্মাণ। | | | |
| ৪ | ১নং গুইমারা ইউনিয়নের ৩নং ওয়ার্ডের ১নং রাবার বাগান ব্রীক সলিং হতে ভবান চন্দ্র বাড়ি পর্যন্ত রাস্তা নির্মাণ। | | | |
| ৫ | ২নং হাফছড়ি ইউনিয়নে ৮নং ওয়ার্ডের বড়ইতলী মংশ্রেপ্রু মারমা জমি হতে বড়ইতলী বন বিহার পর্যন্ত রাস্তা নির্মাণ। | | | |
| ৬ | গুইমারা উপজেলায় বিভিন্ন ইউনিয়নে দুস্থ মহিলাদের মাঝে কর্মসংস্থানের জন্য ছাগল বিতরণ। | | | |
| ৭ | গুইমারা উপজেলায় বিভিন্ন ইউনিয়নে বেকার দুস্থ মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য সেলাই মেশিন বিতরণ। | | | |
| ৮ | গুইমারা উপজেলায় কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরণ। | | | |
| ৯ | ১নং গুইমারা ইউনিয়নের ১নং ওয়ার্ডের নারায়ন পাড়া হইতে রাবার বাগান হইয়া ছনখোলা পাড়া যাওয়ার সংযোগ রাস্তা নির্মাণ এবং মাইবুং পাড়া হইতে নতুন পাড়া যাওয়ার সংযোগ রাস্তা নির্মাণ। | | | |
| ১০ | ১নং গুইমারা ইউনিয়নের ৪নং ওয়ার্ডের বুদংপাড়া তোতা মারমা বাড়ী হইতে মংমং মারমা বাড়ি পর্যন্ত রাস্তা নির্মাণ। এবং লুন্দ্যকা পাড়া আবুল বাশার বাড়ী হইতে থুইলাক্রো মারমা বাড়ী পযর্ন্ত রাস্তা নির্মাণ। | | | |

চলমান পাতা-০২

০২। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১, শাখা-৩ এর ৬/০৭/২০২২ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০২৮.১৩(অ-১)-০৭ নম্বর স্মারকমূলে ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটে এ মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি-৩ আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২২-অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২২১০১ ত্রাণ কার্য চাল, ৩৭২২১০২ ত্রাণ কার্য গম খাতে বরাদ্দকৃত খাদ্যশস্যের বিভাজন অনুযায়ি **খাগড়াছড়ি** পার্বত্য জেলার দুর্যোগ মোকাবেলায় এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজে ব্যবহারের জন্য বিশেষ প্রকল্প কর্মসূচি খাত হতে বহন করা হবে।

০৩। **শর্তসমূহঃ**

১. বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা ২টি উপজেলা পরিষদ ও ১টি ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রস্তাবিত স্কীম/প্রকল্প বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

২. বরাদ্দকৃত খাদ্যশস্য ব্যবহারে বিশেষ প্রকল্প কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এই মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ গত ১৯/১০/২০০৬ তারিখে জারিকৃত নীতিমালার প্রতিটি শর্ত যথাযথভাবে অনুসরণ করার জন্য কাঠোর ভাবে নির্দেশনা প্রদান করা হলো।

৩. ইতোমধ্যে জেলা প্রশাসনের মাধ্যমেও উন্নয়ন কার্যক্রমের জন্য যে খাদ্যশস্য বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রকল্প গ্রহণের ক্ষেত্রে উপকারভোগীর Overlapping এড়ানোর জন্য জেলা প্রশাসক এর সাথে সমন্বয় করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে;

৪. বরাদ্দকৃত খাদ্যশস্যের হিসাব নিরীক্ষার জন্য যথোপযুক্তভাবে সংরক্ষণ করতে হবে এবং খাদ্যশস্য ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৫. বরাদ্দকৃত খাদ্যশস্য স্থানীয় গুদাম হতে যথাসময়ে উত্তোলন করতে হবে;

৬. বিশেষ কোন ব্যক্তি নয় এলাকার সামষ্টিক উন্নয়নের লক্ষ্যে ও সমাজের বৃহৎজনগোষ্ঠির স্বার্থ বিবেচনায় প্রকল্প স্থান নির্ধারণসহ প্রকল্প পরিকল্পনা, রূপরেখা ও বাস্তবায়ন করতে হবে।

৭. প্রকল্প বাস্তবায়নের শুরু থেকে শেষ পর্যন্ত সমুদয় দালিলিক প্রমাণ সংরক্ষণ করতে হবে;

৮. ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন করতে হবে;

৯. প্রকল্পের সঠিক বাস্তবায়ন নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক তদারকি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি কর্তৃক বাস্তবায়নাধীন/বাস্তবায়িত প্রকল্প পরিদর্শণ/পরিবীক্ষণ করে মন্তব্যসহ অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

১০. পানি নিষ্কাশনে প্রতিবন্ধকতা সৃষ্টি করে ও পরিবেশের জন্য ক্ষতিকর এমন কোন প্রকল্প গ্রহণ করা যাবে না;

১১. প্রযোজ্য ক্ষেত্রে সকল প্রকল্পের অনুকূলে বৃক্ষরোপন কর্মসূচি অন্তর্ভূক্ত করতে হবে;

১২. বরাদ্দকৃত খাদ্যশস্য ২০২২-২০২৩ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) বিশেষ কর্মসূচি আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ব্যয় করতে হবে।

২৪/১০/২০২২

(মো: হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোন-৫৫১০০৬৩০

নং ২৯.০০.০০০০.২২৩.০২.০০১.২০২২-২১৩/১(১২)

তারিখঃ ২৪/১০/২০২২খ্রি: ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬আব্দুল গনি রোড, ঢাকা।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, **খাগড়াছড়ি।**
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক, **খাগড়াছড়ি** পার্বত্য জেলা।
৯। সহকারী প্রোগ্রামার,পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০। চেয়ারম্যান, খাগড়াছড়ি সদর উপজেলা পরিষদ /উপজেলা পরিষদ কার্যালয়,গুইমারা খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। চেয়ারম্যান, ৩নং গোলাবাড়ী ইউনিয়ন পরিষদ, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২। অফিস কপি।

২৪/১০/২০২২

(মো: হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব

Local Disk (D:)/T.R 2021-2022/TR Note